

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৫০

বিলোনীয়া, ১৬ নভেম্বর, ২০২৪

**বিপর্যয় মোকাবিলা বিষয়ে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত**

আন্তর্জাতিক বিপর্যয় ঝুঁকি প্রশমন দিবস-২৪ উদযাপনের অঙ্গ হিসেবে আজ দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে বিলোনীয়ার অগ্নিবীণা কমিউনিটি হলে একদিনের এক জেলাভিত্তিক কর্মশালা আয়োজিত হয়। কর্মশালার উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধীপতি দীপক দত্ত। তিনি তার ভাষণে বলেন, সচেতনতাই বিপর্যয় এড়ানোর একমাত্র পথ। তাছাড়া প্রশাসনের দিকে না তাকিয়ে প্রত্যেকেরই উচিত বিপর্যয়ের সময় উদ্বারকাজে ঝাপিয়ে পড়া এবং দুর্গতদের সাহায্য করা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহৃতা স্মিতা মল এমএস, অতিরিক্ত জেলাশাসক প্রদীপ কুমার, বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক কৃষ্ণ চন্দ্র গুপ্ত, সাবুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত প্রমুখ। কর্মশালায় বিভিন্ন বিপর্যয় মোকাবিলার কৌশল প্রদর্শিত হয়। বিপর্যয় বিষয়ক সচেতনতামূলক নাটক প্রদর্শিত হয় এবং আত্মরক্ষার বিভিন্ন পদ্ধতি দেখানো হয়। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ও বিভিন্ন দপ্তরের কর্মীগণ এই কর্মশালায় অংশগ্রহণ করে। সাম্প্রতিক বন্যা ও সারা বছরে বিভিন্ন বিপর্যয় মোকাবিলায় উল্লেখযোগ্য অবদানের জন্য জেলার বিভিন্ন দপ্তরের ও স্বেচ্ছাসেবী সহ মোট ১২৫ জনকে শংসাপত্র প্রদান করা হয়। অতিথিগণ তাদের হাতে শংসাপত্র তুলে দেন।

\*\*\*\*\*